# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 14.08.2024 Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর –

১) কলকাতা হাইকোর্ট, RG KAR মেডিক্যাল কলেজ হাসপাতালে সি বি আই তদন্তের নির্দেশ দেওয়ার পর আজ সকালে কেন্দ্রীয় তদন্ত ব্যুরো এর দায়িত্বভার গ্রহণ করবে। ইতিমধ্যেই তারা এফ আই আর-এর কপি সংগ্রহ করেছে।

সিবিআই তদন্তের আগে তথ্য প্রমাণ লোপাটের অভিযোগে ও তার প্রতিবাদে রাজ্যের সমস্ত সরকারী ও বেসরকারী হাসপাতালের আউডোর বিভাগ আজ বনধের ডাক দিয়েছে জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডক্টর্স।

এদিকে, আন্দোলনরত ফেডারেশন অফ রেসিডেন্ট ডক্টরস অ্যাসোসিয়েশন FORDA স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গে বৈঠকের পর তাদের ধর্মঘট প্রত্যাহারের কথা জানিয়েছে।

২) আর জি করের ঘটনায় মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবিতে বিজেপি আজ থেকে আন্দোলনে নামছে। কংগ্রেসও আজ প্রতিবাদ মিছিলের ডাক দিয়েছে।

বাম ছাত্র যুব সংগঠনগুলি আজ রাতে আর জি কর হাসপাতালে অবস্থান বিক্ষোভ কর্মসূচী নিয়েছে। ঘটনার প্রতিবাদে মহিলারাও আজ মধ্যরাতে কলকাতা ও জেলার বিভিন্ন জায়গায় জমায়েত কর্মসূচী পালন করবেন।

৩) ৭৮ তম স্বাধীনতা দিবসের প্রাক্কালে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ সন্ধ্যায় জাতির উদ্দেশে ভাষণ দেবেন।

৪) হরঘর তিরঙ্গা কমসূচীর আওতায় নদীয়ার কৃষ্ণনগরে আজ বি এস এফ-এর পক্ষ থেকে এক পদযাত্রার আয়োজন করা হয়।

৫) এ এফ সি চ্যাম্পিয়ন্স লিগ টু ফুটবলে যোগ্যতা অর্জন পর্বের ম্যাচে ইস্টবেঙ্গল আজ তুর্কমেনিস্তানের অলটিন আসির মুখোমুখি হবে।

oooooooooooooooo

কলকাতা হাইকোর্ট, RG KAR মেডিক্যাল কলেজ হাসপাতালে PGT চিকিৎসক পড়ুয়ার ধর্ষণ ও হত্যার ঘটনায় CBI তদন্তের নির্দেশ দিয়েছে। আজ সকালে কেন্দ্রীয় তদন্ত ব্যুরো এই তদন্তভার গ্রহণ করবে বলে জানা গেছে।

প্রধান বিচারপতি T S শিবজ্ঞানম ও বিচারপতি হিরন্ময় ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চ

গতকাল কেস ডায়েরী খতিয়ে দেখার পর তদন্তের এই নির্দেশ দেন । রাজ্যের হাতে থাকা সব তথ্য প্রমাণ ও নথি এবং পুলিশের সংগ্রহ করা সমস্ত CCTV ফুটেজ, CBI-এর হাতে তুলে দিতে হবে। আদালতের নজরদারিতে তদন্ত হবে বলেও নির্দেশ দিয়েছে হাইকোর্ট। তিন সপ্তাহ পর মামলার পরবর্তী শুনানির দিন CBI-কে তদন্তের অগ্রগতির রিপোর্ট জমা দিতে বলা হয়েছে।

RG KAR কান্ডে পুলিশের ভূমিকায় অসন্তোষ প্রকাশ করে প্রধান বিচারপতির বেঞ্চ বলেন, নিহত নির্যাতিতার বাবা-মা-র আশঙ্কা, এভাবে তদন্ত চললে তা' সঠিক লক্ষ্যে পৌঁছবে না।

অধ্যক্ষ পদে ইস্তফা দেওয়ার কয়েক ঘণ্টার মধ্যেই আর একটি হাসপাতালের অধ্যক্ষ পদে পাঠিয়ে সন্দীপ ঘোষকে পুরষ্কৃত করা হয়েছে বলেও প্রধান বিচারপতি মন্তব্য করেন।

পরবর্তী নির্দেশ না আসা পর্যন্ত তিনি আর কোন মেডিকেল কলেজের দায়িত্ব নিতে পারবেন না বলেও ডিভিশন বেঞ্চ স্পষ্ট জানিয়ে দেন।

এদিকে, RG KAR মেডিক্যাল কলেজে চিকিৎসকের ধর্ষণ ও খুনের প্রমাণ লোপাট করা নিয়ে বিভিন্ন মহলের আশঙ্কার মধ্যেই হাসপাতালের সেমিনার রুমের আশপাশে সংস্কারের কাজ নিয়ে গতকাল তুলকালাম কান্ড বাধে। পুলিশের সঙ্গে ধস্তাধস্তিতে জড়ান SFI ও DYFI কর্মী সদস্যরা। আন্দোলনকারীদের মধ্যেও এনিয়ে তীব্র প্রতিক্রিয়া তৈরী হয়েছে। ওই সেমিনার রুমেই গত শুক্রবার সকালে তরুণী পড়ুয়া চিকিৎসককে মৃত অবস্থায় পাওয়া যায়।

সংস্কারের নামে প্রমাণ লোপাটের অভিযোগ করে, তার প্রতিবাদে আজ রাজ্যের সমস্ত সরকারি-বে সরকারি হাসপাতালের আউটডোর বিভাগ বন্ধের ডাক দিয়েছে 'জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডক্টর্স'।

সংগঠনের যুগ্ম আহ্বায়ক ডাক্তার পুণ্যব্রত গুণ ও ডাক্তার হীরালাল কোনার এক বিবৃতিতে বলেছেন, CBI তদন্তভার গ্রহণ করার আগেই সব কাজ সেরে ফেলা হচ্ছে। এই অবস্থায় রাজ্যের চিকিৎসক সমাজ সকাল ৮'টা থেকে আউটডোর ও জরুরী নয় এমন পরিষেবা বন্ধ রাখতে বাধ্য হচ্ছেন।

এদিকে, হাইকোর্টের নির্দেশে সিবিআই-এর একটি দল গতকাল টালা থানায় গিয়ে ও FIR-এর কপি সংগ্রহ করে। সিবিআই তদন্তের নির্দেশ দেওয়ার পরেই মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি নবান্নে কলকাতার পুলিশ কমিশনার বিনীত গোয়েল, মুখ্যসচিব ভগবতীপ্রসাদ গোপালিকা এবং রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমারের সঙ্গে এক বৈঠক করেন ।

oooooooooooooooooooooooo

এদিকে, কলকাতায় আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালে তরুনী চিকিৎসা পড়ুয়ার হত্যার ঘটনার প্রতিবাদে আন্দোলনরত ফেডারেশন অফ রেসিডেন্ট ডক্টরস অ্যাসোসিয়েশন FORDA তাদের ধর্মঘট প্রত্যাহারের সিদ্ধান্ত নিয়েছে।

নতুন দিল্লিতে গতকাল FORDAর এক প্রতিনিধি দল কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জগৎপ্রকাশ নাড্ডার সঙ্গে দেখা করার পর এই সিদ্ধান্ত নেয়া হয়। সংগঠনের সভাপতি অবিরাল মাথুর জানান তাদের সমস্ত দাবি দাওয়া মেনে নেওয়া হয়েছে। নির্দিষ্ট সময় বেঁধে তাদের দাবিগুলি মেটানো হবে বলে স্বাস্থ্যমন্ত্রী আশ্বাস দিয়েছেন। তাই FORDAর ধর্মঘট প্রত্যাহারের এই সিদ্ধান্ত ।

(বাইট – মাথুর)

দেশজুড়ে চিকিৎসকরা সোমবার থেকে এই প্রতিবাদ আন্দোলন চালাচ্ছিলেন। কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডা ফেডারেশনের ধর্মঘট প্রত্যাহারের সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন। স্বাস্থ্য মন্ত্রক, নিরাপদ এবং উন্নততরো কাজের পরিবেশ নিশ্চিত করতে তাদের সমস্ত উদ্বেগের নিরসন করবে বলে শ্রী নাদ্দা চিকিৎসকদের আশ্বাস দেন।

এর আগে শ্রী নাড্ডা গতকাল নতুন দিল্লিতে ইন্ডিয়ান মেডিকেল অ্যাসোসিয়েশন-এর প্রতিনিধিদের সঙ্গে বৈঠকে বসেন। কলকাতা হাইকোর্টের সি বি আই তদন্তের নির্দেশকে স্বাগত জানানোর পাশাপাশি পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মহিলা হওয়া সত্ত্বেও যেভাবে রাজ্যে মহিলাদের ওপর আক্রমণ বেড়ে চলেছে – তার তীব্র সমালোচনা করেন তিনি।

(বাইট – নাড্ডা)

oooooooooooooooooooooooo

এদিকে, জাতীয় মেডিক্যাল কমিশন, ডাক্তারি পড়ুয়াদের ওপর হিংসার যেকোনো ঘটনা ঘটা মাত্র সংশ্লিষ্ট মেডিক্যাল কলেজ কর্তৃপক্ষকে তদন্ত শুরু, পুলিশকে FIR দায়ের এবং ঘটনার ৪৮ ঘন্টার মধ্যে কমিশনকে ‘অ্যাকশান টেকেন রিপোর্ট’ পাঠানোর নির্দেশ দিয়েছে। দেশের সমস্ত

মেডিক্যাল কলেজে কাজের নিরাপদ পরিবেশ সুনিশ্চিত করা নিয়ে অ্যাডভাইজারি পাঠিয়েছে কমিশন।

অন্যদিকে, জাতীয় মানবাধিকার কমিশন, RG KAR হাসপাতালে মহিলা PGT ডাক্তারকে ধর্ষণ ও খুনের ঘটনা নিয়ে সংবাদ মাধ্যমে প্রকাশিত খবরের ভিত্তিতে স্বতঃপ্রণোদিত হয়ে মুখ্যসচিব ও রাজ্য পুলিশের ডিজিকে নোটিশ পাঠিয়েছে। দু-সপ্তাহের মধ্যে বিশদ রিপোর্ট পেশ করতে হবে তাঁদের।

জাতীয় মহিলা কমিশনের সদস্যরাও গতকাল RG KAR হাসপাতালে গিয়ে নতুন অধ্যক্ষ সুহৃতা পাল ও নতুন সুপার বুলবুল মুখোপাধ্যের সঙ্গে কথা বলেন। হাসপাতালটিও ঘুরে দেখেন তাঁরা। পরে কমিশনের সদস্য ডেলিনা খান্ডুপ সাংবাদিকদের বলেন, নিরাপত্তায় যে বড়সর গন্ডোগোল রয়েছে, তাতে কোনো সন্দেহ নেই।

oooooooooooooooooooooooo

আর জি করের ঘটনায় বিজেপি, রাজ্যের মুখ্যমন্ত্রী তথা স্বাস্থ্যমন্ত্রীর পদত্যাগ দাবী করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সাংবাদিকদের বলেছেন, এই দাবিতে আজ থেকে তাঁরা আন্দোলনে নামবেন। রাজ্যের প্রতিটি মানুষের কাছে এই আন্দোলনে সামিল হবার আবেদন জানান তিনি।

(বাইট – শুভেন্দু)

হাইকোর্টের সি বি আই তদন্তের নির্দেশকে স্বাগত জানিয়ে শুভেন্দু বলেন, আদালতের প্রতি তাঁরা কৃতজ্ঞ।

ঘটনার প্রমাণ যাতে কেউ নষ্ট করতে না পারে, সেইজন্য মামলা রুজু করে দ্রুত তদন্তভার গ্রহণ করতে বিরোধী দলনেতা CBI-এর কাছে আবেদন জানিয়েছেন।

এদিকে, তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ বলেছেন।

(বাইট – কুনাল)

oooooooooooooooooooooooo

আরজিকরের ঘটনার প্রতিবাদে বিজেপি মহিলা মোর্চা আজ প্রতিবাদ ও ধিক্কার মিছিলের ডাক দিয়েছে। মোর্চার রাজ্য সভানেত্রী ফাল্গুনী পাত্র এক ভিডিও বার্তায় জানিয়েছেন, যেভাবে পাশবিক নির্যাতন করে আরজিকরের মহিলা চিকিৎসককে হত্যা করা হয়েছে, তার প্রতিবাদে মহিলা মোর্চার পক্ষ থেকে দুপুর দুটোয় কলেজ স্কোয়ারে এক বৃহৎ জমায়েত এবং ধিক্কার মিছিল করা হবে।

অন্যদিকে কংগ্রেসও আজ কলকাতায় এক মিছিলে অংশ নেবে। প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী জানিয়েছেন, প্রদেশ কংগ্রেস কার্যালয় বিধান ভবন থেকে ওই প্রতিবাদ মিছিল শুরু হয়ে শেষ হবে ধর্ম তলায়।

oooooooooooooooooooooo

বামফ্রন্ট ও আর জি কর মেডিক্যাল কলেজ ও হাসপাতালে তরুণী চিকিৎসককে ধর্ষণ ও হত্যার ঘটনার তীব্র নিন্দা করে ওই হত্যাকান্ডে জড়িত সমস্ত দোষীকে অবিলম্বে গ্রেপ্তার ও কঠোরতম শাস্তির দাবি জানিয়েছে । ফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু গতকাল এক বিবৃতিতে বলেন, ঘটনাক্রম থেকে স্পষ্ট ওই চিকিৎসককে ঠান্ডা মাথায় নির্যাতন ও হত্যা করা হয়েছে। হাই কোর্টের নির্দেশে সি বি আই তদন্তে যাতে কোনো শিথিলতা না থাকে সেই দাবিও জানান তিনি।

এই মৃত্যুর ঘটনার প্রতিবাদে সমাজের বিভিন্ন অংশের মানুষ যে বিক্ষোভ কর্মসূচি নিচ্ছে তাকে রাজ্যে বামফ্রন্ট সমর্থন করছে বলে বিমান বাবু জানান । আজ বিকেলে কলেজ স্কোয়ার থেকে ধর্মতলা পর্যন্ত নাগরিক সমাজের পক্ষে যে প্রতিবাদ মিছিলের ডাক দেওয়া হয় তার প্রতি সংহতি জানিয়ে সর্ব স্তরের জনগণকে মিছিলে অংশগ্রহণ করে প্রতিবাদে সোচ্চার হওয়ার আহ্বান জানান।

oooooooooooooooooooooo

বাম ছাত্র যুব সংগঠন এসএফআই, ডি ওয়াই এফ আই, AIDWA আজ রাতে আর জি কর হাসপাতালে অবস্থান বিক্ষোভ কর্মসূচী নিয়েছে। রাত সাড়ে ১১-টায় ওই অবস্থান মঞ্চে মেয়েদের সবাইকে উপস্থিত থাকার জন্য সংগঠনগুলির পক্ষ থেকে ডাক দেওয়া হয়েছে।

এই ঘটনার প্রতিবাদে মহিলারাও আজ মধ্যরাতে কলেজ স্ট্রীট, যাদবপুর, অ্যাকাডেমী অফ ফাইনআর্টস্ চত্ত্বর সহ কলকাতার বিভিন্ন জায়গায় জমায়েত কর্মসূচী পালন করবেন। বিভিন্ন জেলাতেও এই কর্মসূচীতে সামিল হওয়ার জন্যও মেয়েদের প্রতি আহ্বান জানানো হয়েছে। পশ্চিমবঙ্গের বাইরেল ব্যাঙ্গালোর, মুম্বাই সহ বিভিন্ন জায়গায় এই কর্মসূচী পালিত হবে। যারা আজ এই জমায়েতে কোন কারণে থাকতে পারবেন না, তাদের নিজেদের মতো করে প্রতিবাদ করার ডাক দেওয়া হয়েছে।

এদিকে, সিটু সমর্থিত কলকাতা ওলাউবের অ্যাপক্যাব অপারেটার ও ড্রাইভার ইউনিয়ন আজ সারা রাত শহরের রাস্তায় গাড়ি চালানোর সিদ্ধান্ত নিয়েছে।

oooooooooooooooooooooo

৭৮ তম স্বাধীনতা দিবসের প্রাক্কালে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ সন্ধ্যায় জাতির উদ্দেশে ভাষণ দেবেন। শোনা যাবে সন্ধ্যা ৭ টা থেকে আকাশবাণী কলকাতার সবকটি প্রচারতরঙ্গে। এর প্রেক্ষিতে আজ  সমীক্ষা বাতিল থাকছে। সন্ধ্যা ৭ টা ৩৫ এর বাংলা সংবাদ শোনা যাবে রাত ৮ টায়, স্থানীয় সংবাদের ঠিক পরেই গীতাঞ্জলী, মৈত্রী ও ১০৭ মেগাহার্টজে। রাষ্ট্রপতির ভাষণের বাংলা তর্জমা শুনবেন রাত সাড়ে ন-টা থেকে।

আগামীকাল, ১৫-ই আগস্ট দিল্লীর লালকেল্লার প্রাকারে জাতীয় পতাকা উত্তোলনের ধারা বিবরণী এবং প্রধানমন্ত্রীর ভাষণ সকাল ৭-টা থেকে সরাসরি সম্প্রচার করা হবে। শোনা যাবে সবক'টি প্রচারতরঙ্গে। এই অনুষ্ঠান শেষ হবার পর গীতাঞ্জলী, ১০৭ মেগাহার্টজ ও মৈত্রী প্রচার তরঙ্গে শুনবেন ১০ মিনিটের বাংলা সংবাদ।

স্বাধীনতা দিবস উপলক্ষ্যে রাত আটটায় গীতাঞ্জলি, ১০৭ ও এফএম গোল্ডে  সম্প্রচারিত হবে রাজ্যপাল সি ভি আনন্দ বোসের ভাষণ।

প্রধানমন্ত্রীর ভাষণের বাংলা অনুবাদ রাত সাড়ে ৯ টা থেকে সবকটি প্রচার তরঙ্গে সম্প্রচারিত হবে। এর প্রেক্ষিতে রাত ১০ টার বাংলা সংবাদ আগামীকাল, ১৫-ই আগস্ট বাতিল করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

৭৮ তম স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষ্যে সারা দেশে চলছে হর ঘর তিরঙ্গা অভিযান। চলবে আগামীকাল, ১৫ই আগস্ট পর্যন্ত।

অ্যান্থেম

এই কর্মসূচীর অঙ্গ হিসাবে দেশবাসীকে তাদের বাড়িতে ত্রিবর্ণ রঞ্জিত পতাকা উত্তোলন এবং তিরঙ্গার সঙ্গে সেলফি তুলে 'হর ঘর তিরঙ্গা' ওয়েবসাইটে তা আপলোড করার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

নদীয়ার কৃষ্ণনগরে বিএসএফের পক্ষ থেকে হর ঘর তিরঙ্গা কর্মসূচির অংশ হিসেবে বিএসএফের সেক্টর হেডকোয়ার্টার থেকে আজ সকালে পদযাত্রা, সাইকেল,মোটরসাইকেল রেলির আয়োজন হয়। বিএসএফের শিমুলতলা ক্যাম্পাস থেকে পদযাত্রা টি বার হয়ে স্বরূপগঞ্জ ঘাট পর্যন্ত যায় ।রাস্তার বিভিন্ন মোরে বিএসএফের পক্ষ থেকে জওয়ানরা পতাকা স্থাপন করে। বিভিন্ন স্থানে পথ চলতি সাধারণ মানুষের হাতে পতাকা তুলে দেন বিএসএফের সেক্টর হেডকোয়ার্টার ডিআইজি সঞ্জয় কুমার। এই কর্মসূচিতে বিএসএফের জওয়ান পদস্থ আধিকারিকসহ 150 জন অংশ নেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

হরঘর তিরঙ্গা কর্মসূচীর অঙ্গ হিসেবে গতকাল মেদিনীপুর পোস্টাল ডিভিশনের উদ্যোগে, জাতীয় পতাকা নিয়ে একটি পদযাত্রা শহর পরিক্রমা করে। বীর বিপ্লবী ক্ষুদিরাম বসুর মুর্তিতে মাল্যদান করে শ্রদ্ধা জ্ঞাপন করা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

এ এফ সি চ্যাম্পিয়ন্স লিগ টু ফুটবলে যোগ্যতা অর্জন পর্বের ম্যাচে আজ ইস্টবেঙ্গল , তুর্কমেনিস্তানের অলটিন আসির মুখোমুখি হবে। যুব ভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাতটায়।

oooooooooooooooooooooooo